# ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৮০২৩৩৩৮, ৯০০৪৯৪২, ৯০০৭৯৪৫

ওয়েব সাইট: www.dcc.edu.bd

স্মারক নং: ঢাকক-

তারিখ: ০৫.০৫.২০১৮

## রচনা প্রতিযোগিতা

ঢাকা কমার্স কলেজের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, বিশ্ব পরিবেশ দিবস ২০১৮ উদ্‌যাপন উপলক্ষ্যে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ-টিআইবি 'বাংলাদেশ বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রভাব' শীর্ষক রচনা প্রতিযোগিতা আয়োজন করেছে। টিআইবি কার্যালয়ে (বাড়ি নং ৫, রোড নং ১৬, ধানমন্ডি, ঢাকা) রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ৩০ জুন ২০১৮ তারিখ সকাল ১০ টায়। প্রতিযোগিতায় নাম নিবন্ধনের শেষ তারিখ ১৫ মে ২০১৮। ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীকে যথাক্রমে ৫০০০, ৩০০০ ও ২০০০ টাকা এবং ৪র্থ থেকে ৮ম স্থান অর্জনকারীকে ১০০০ টাকা মূল্যের পুরুস্কার, ক্রেস্ট ও সনদ প্রদান করা হবে। বিস্তারিত কলেজ বা টিআইবি'র ওয়েবসাইটের নোটিশ থেকে জানা যাবে।

অধ্যক্ষ
ঢাকা কমার্স কলেজ

আহ্বায়ক
শিক্ষা সহায়ক কার্যক্রম ও সাংস্কৃতিক বিষয়ক কমিটি

TRANSPARENCY INTERNATIONAL BANGLADESH
Social movement against corruption

MIDAS Centre (Levels 4 & 5)
House # 05, Road # 16 (New) 27 (Old)
Dhanmondi, Dhaka-1209, Bangladesh
Tel +880 2 9124788, 9124789, 9124792, Fax: 9124915
info@ti-bangladesh.org, www.ti-bangladesh.org
www.facebook.com/TIBangladesh

সূত্র: টিআইবি/বিপদি-রচনা/২০১৮/১১৯
২৩ এপ্রিল ২০১৮

বরাবর
অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বিষয়: *<u>বিশ্ব পরিবেশ দিবস ২০১৮ উপলক্ষে টিআইবি আয়োজিত 'রচনা প্রতিযোগিতা'য় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ প্রসঙ্গে</u>*

প্রিয় মহোদয়,

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর পক্ষ থেকে শুভেচ্ছা।

বিশ্ব পরিবেশ দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে বিভিন্ন প্রচারণামূলক কার্যক্রমের অংশ হিসেবে টিআইবি ঢাকার বিভিন্ন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের আগ্রহী শিক্ষার্থীদের অংশগ্রহণে এক 'রচনা প্রতিযোগিতা'র আয়োজন করেছে।

## রচনা প্রতিযোগিতা

### বিষয়: 'বাংলাদেশে বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রভাব'

'ক' বিভাগ (৬ষ্ঠ - ৮ম শ্রেণি) এবং 'খ' বিভাগ (৯ম - দ্বাদশ শ্রেণি)
**প্রতিযোগিতার তারিখ: শনিবার, ৩০ জুন ২০১৮, সকাল ১০টা - ১২.৩০টা**
স্থান: মেঘমালা সম্মেলন কক্ষ (লেভেল ৫), টিআইবি কার্যালয়

**রেজিস্ট্রেশনের শেষ সময়: ১৫ মে ২০১৮**

রেজিস্ট্রেশন: মোবাইল ফোন/এসএমএস: ০১৭১১৪০৫১৪৮, ই-মেইল: advocacy@ti-bangladesh.org অথবা ডাকযোগে টিআইবি'র কার্যালয়ের ঠিকানায় রেজিস্ট্রেশন করতে হবে। বিস্তারিত জানতে দেখুন: www.ti-bangladesh.org/essay2018

জলবায়ু পরিবর্তন ও পরিবেশগত ভারসাম্য বিষয়ে ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির পাঠ্যপুস্তকে সংযুক্ত অনুশীলনীর সাথে সামঞ্জস্য রেখে এ প্রতিযোগিতার বিষয় নির্ধারণ করা হয়েছে। উপরোক্ত বিষয়ের ওপর উভয় বিভাগের জন্য রচনার সুনির্দিষ্ট প্রতিপাদ্য প্রশ্ন আকারে প্রতিযোগিতা শুরুর ক্ষণে সরবরাহ করা হবে। প্রতিযোগিতায় দুটি বিভাগ থেকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী ৬জন বিজয়ীর প্রত্যেককে ক্রেস্ট ও সনদসহ যথাক্রমে ৫,০০০, ৩,০০০ ও ২,০০০ টাকা সমমূল্যের বই এবং দুটি বিভাগের চতুর্থ থেকে অষ্টম স্থানপ্রাপ্ত মোট ১০জন বিজয়ীর প্রত্যেককে সনদসহ ১,০০০ টাকা সমমূল্যের বই পুরস্কার হিসেবে প্রদান করা হবে।

উক্ত রচনা প্রতিযোগিতায় আপনার বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য সাদরে আমন্ত্রণ জানাচ্ছি। **আগামী ৩০ জুন ধানমন্ডিস্থ টিআইবি কার্যালয়ে অনুষ্ঠিতব্য রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীর সাথে একজন অভিভাবক/শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি শিক্ষক আসার জন্য অনুরোধ জানাচ্ছি।** উল্লেখ্য, এতদসঙ্গে প্রেরিত তথ্যপত্রটি আপনার প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে সংযুক্ত করা হলে শিক্ষার্থীরা এ বিষয়ে অবহিত হবে এবং প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবে বলে আমরা আশা করছি।

এ বিষয়ে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ,

**মোহাম্মদ জাহিদুল ইসলাম**
সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার
আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন

সংযুক্তি: রচনা প্রতিযোগিতার তথ্যপত্র

ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

# রচনা প্রতিযোগিতা

## বিষয়ঃ বাংলাদেশের ওপর বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রভাব

৫ জুন, বিশ্ব পরিবেশ দিবস ২০১৮ উপলক্ষে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) ঢাকার বিভিন্ন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে এক রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে। **'বাংলাদেশের ওপর বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রভাব'** বিষয়ে 'ক' বিভাগ (৬ষ্ঠ - ৮ম শ্রেণি) এবং 'খ' বিভাগ (৯ম - দ্বাদশ শ্রেণি)- এই দু'টি বিভাগে নিম্নোল্লিখিত দিন ও সময়ে প্রতিযোগিতাটি টিআইবি কার্যালয়ে অনুষ্ঠিত হবে। উল্লিখিত বিষয়ের ওপর উভয় বিভাগের জন্য রচনার সুনির্দিষ্ট প্রতিপাদ্য প্রশ্ন আকারে প্রতিযোগিতা শুরুর ক্ষণে সরবরাহ করা হবে।

**উভয় বিভাগের প্রথম তিনজন বিজয়ীর জন্য থাকবে ক্রেস্ট ও সনদসহ যথাক্রমে ৫,০০০, ৩,০০০ ও ২,০০০ টাকা মূল্যমানের বই পুরস্কার এবং উভয় বিভাগের চতুর্থ থেকে অষ্টম স্থানপ্রাপ্ত মোট দশজন প্রতিযোগীকে সনদ ও ১,০০০ টাকা মূল্যমানের বই পুরস্কার দেওয়া হবে।**

**প্রতিযোগিতার স্থান ও সময়ঃ**
শনিবার, ৩০ জুন ২০১৮, সকাল ১০.০০টা-১২.৩০টা
স্থানঃ মেঘমালা সম্মেলন কক্ষ (লেভেল ৫), টিআইবি কার্যালয়

অংশগ্রহণের নিয়মাবলীঃ

১. সকল অংশগ্রহণকারীকে ব্যক্তিগতভাবে অথবা শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষ থেকে নিচের ঠিকানায় রেজিস্ট্রেশন করতে হবে। প্রতিযোগিতার উভয় বিভাগে আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠানের একাধিক প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবেন।
২. রেজিস্ট্রেশনের সময় প্রতিযোগীর এক কপি পাসপোর্ট সাইজের ছবি ও শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয়পত্র অথবা জন্ম সনদের ফটোকপি জমা দিতে হবে।
৩. প্রতিযোগিতার দিন অংশগ্রহণকারী প্রতিযোগীর সাথে শুধুমাত্র একজন অভিভাবক অথবা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের একজন শিক্ষক টিআইবি কার্যালয়ে উপস্থিত থাকতে পারবেন, তবে প্রতিযোগিতার জন্য নির্ধারিত কক্ষে শুধুমাত্র প্রতিযোগীরাই ঢুকতে পারবেন।
৪. **বাংলা অথবা ইংরেজী যেকোনো মাধ্যমে রচনা লেখা যাবে।** রচনা লেখার জন্য টিআইবি প্রয়োজনীয় খাতা ও কলম সরবরাহ করবে। রচনা লেখার জন্য অন্যান্য প্রয়োজনীয় শিক্ষা সরঞ্জাম যেমন অতিরিক্ত কলম, সাইনপেন, স্কেল এবং রাইটিং বোর্ড প্রতিযোগীবৃন্দ সাথে আনতে পারবেন। **তবে এর বাইরে মোবাইল ফোন, ট্যাব, ল্যাপটপ বা এ জাতীয় যন্ত্রপাতিসহ অন্য কোনো বস্তু সাথে রাখা নিষেধ।**
৫. রচনা খাতার শুধুমাত্র প্রথম পাতায় স্পষ্টাক্ষরে সার্টিফিকেট অনুযায়ী ইংরেজিতে প্রতিযোগীর নাম, জন্ম তারিখ, শিক্ষা প্রতিষ্ঠানের নাম এবং প্রতিযোগী বা তার অভিভাবক অথবা শিক্ষকের সাথে যোগাযোগের ফোন নম্বর লিখতে হবে।
৬. রচনাটি সম্পূর্ণ মৌলিক হতে হবে এবং ব্যবহৃত তথ্য/উপাত্তসমূহের সূত্র উল্লেখ করতে হবে।
৭. প্রতিযোগিতায় বিজয়ী নির্বাচনে টিআইবি'র মনোনীত বিচারকমণ্ডলীর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
৮. টিআইবি'র কর্মকর্তা ও তাদের নিকটাত্মীয় শিক্ষার্থী এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন না।
৯. টিআইবি'র কার্যালয় থেকে শুধুমাত্র নির্বাচিত বিজয়ীদের সাথে রচনা খাতায় প্রদত্ত ফোন নম্বরের মাধ্যমে সরাসরি যোগাযোগ করে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অংশগ্রহণ বিষয়ে জানানো হবে।

## রেজিস্ট্রেশনের শেষ সময়ঃ ১৫ মে ২০১৮

রেজিস্ট্রেশনঃ মোবাইল ফোন/এসএমএসঃ ০১৭১১৪০৫১৪৮, সকাল ১০.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত
ই-মেইলঃ advocacy@ti-bangladesh.org অথবা ডাক/কুরিয়ারযোগেঃ ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)
মাইডাস সেন্টার (লেভেল ৪), বাড়ি-০৫, সড়ক-১৬ (নতুন) ২৭ (পুরাতন), ধানমণ্ডি, ঢাকা-১২০৯।